

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পৌর-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ৩০ আগস্ট ২০২৩ খ্রিঃ

নং ৪৬.০৬৪.০৩২.৩২১.০২.২৭৮.২০১১-৯৯২—যেহেতু, আপনি জনাব মোঃ সাইফুল ইসলাম, বিনাইদহ জেলার হরিণাকুন্ডু পৌরসভার ৫নং ওয়ার্ড কাউন্সিলর; এবং

যেহেতু, আপনার বিরুদ্ধে দায়েরকৃত মামলা নং-হরি.জি.আর. ১২/২১, তারিখ: ৩০ জানুয়ারি, ২০২১ (পেনাল কোড ধারা-১৪৩/৪৪৭/৪৪৮/৩২৩/৩২৪/৩২৬/৩০৮/১৮৬/৪২৭/৩৪, হত্যা চেষ্টা ও মারপিট, গুরুতর জখমসহ সরকারি কাজে বাঁধা) এবং হরি. জি. আর. ৩৮/২৩, তারিখ: ২৫ এপ্রিল, ২০২৩ (পেনাল কোড ধারা-৩০২/৩৪, একই উদ্দেশ্য সাধনকল্পে পরিকল্পিতভাবে হত্যা করার অপরাধে) মামলায় আপনি একজন আসামী এবং উক্ত মামলায় বিজ্ঞ আদালত কর্তৃক চার্জশীট গৃহীত হয়েছে;

যেহেতু, “স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯” এর ৩১(১) ধারা অনুযায়ী, “যেক্ষেত্রে কোনো পৌরসভার মেয়র অথবা কোনো কাউন্সিলর অপসারণের কার্যক্রম আরম্ভ করা হইয়াছে অথবা তাহার বিরুদ্ধে ফৌজদারী মামলায় অভিযোগপত্র আদালত কর্তৃক গৃহীত হইয়াছে, সেই ক্ষেত্রে নির্ধারিত কর্তৃপক্ষের বিবেচনায় মেয়র অথবা কাউন্সিলর কর্তৃক ক্ষমতা প্রয়োগ পৌরসভার স্বার্থের পরিপন্থি অথবা প্রশাসনিক দৃষ্টিকোণে সমীচীন না হইলে, সরকার লিখিত আদেশের মাধ্যমে মেয়র অথবা কাউন্সিলরকে সাময়িকভাবে বরখাস্ত করিতে পারিবে”;

সেহেতু, আপনি জনাব মোঃ সাইফুল ইসলাম, কাউন্সিলর ৫নং ওয়ার্ড, হরিণাকুন্ডু পৌরসভা, বিনাইদহকে “স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯” এর ৩১(১) ধারার প্রদত্ত ক্ষমতাবলে সাময়িকভাবে বরখাস্ত করা হলো।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

ফারজানা মান্নান
উপসচিব।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৩৬৫৩)

মূল্য : টাকা ৪.০০